

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ নভেম্বর ২০২২ খ্রি.

চসিকের ভ্রাম্যমাণ আদালত  
অবৈধ দোকানপাট উচ্ছেদ  
২ লক্ষ ২০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা, সিজিএস বিল্ডিং এলাকা, লাকী প্লাজা-টাইগারপাস এলাকায় রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা করায় প্রায় দুই শতাধিক দোকান ও স্থাপনা উচ্ছেদ করে রাস্তা ও ফুটপাথের অবৈধ দখলমুক্ত করা হয়। এই সময় সর্বসাধারণের চলাচলের রাস্তা, ফুটপাথ ও নালায় জায়গায় দখল করে বিভিন্ন ভবনের অংশ বর্ধিত করণ, রাস্তা ও নালা দখল করে অনুমতি বিহীন স্ল্যাব স্থাপন সহ ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ১৪ জন ভবন ও ব্যবসা প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১ লক্ষ ৯০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচালনা কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নগরীর লালদিঘী মোড় থেকে আন্দরকিল্লা মোড় এলাকার রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা করা এবং নির্মাণ সামগ্রী রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ১৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, র‍্যাব, পুলিশ ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩